

“শেখ হাসিনার মমতা
বয়স্কদের জন্য নিয়মিত ভাতা”



“শেখ হাসিনার হাতটি ধরে
পথের শিশু যাবে ঘরে”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।

website- ishwarganj.mymensingh.dss.gov.bd

নম্বর- ৪১.০১.৬১৩১.০০০.১৬.০০১.২৩. ১৪০

তারিখঃ ৭ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২০ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ

বিষয়: ২০২৩-২০২৪ অর্থ বছরে ৩য় কিস্তির পেরোল প্রদানের অবহিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদফতর কর্তৃক বাস্তবায়িত সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর সম্প্রদায়ের ভাতা ও শিক্ষা উপবৃত্তি ২০২৩-২০২৪ অর্থ বছরের ৩য় কিস্তির (জানুয়ারি থেকে মার্চ) মাসের পে-রোল প্রেরণ করা হবে। সমাজসেবা অধিদফতর ঢাকা এর স্মারক নং- ৪১.০১.০০০০.০৪৯.২৭.০২৮.২১.১৩৫ তারিখ ১২ ফেব্রুয়ারি মোতাবেক অসন্ন পবিত্র মাহে রমজানের মধ্যে এবং ঈদুল ফিতর'২০২৪ এর পূর্বেই সামাজিক নিরাপত্তা কর্মসূচি'র আওতাধীন উপকারভোগীদের অনুকূলে অধিদফতর থেকে পেরোল অনুমোদন ও আইবাসের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক থেকে সরাসরি ভাতাভোগীদের মোবাইলে ভাতার টাকা আসা শুরু করবে।

সরকার কর্তৃক উপকারভোগীদের অনুকূলে ক্যাশআউট চার্জসহ ভাতার অর্থ প্রদান করা হচ্ছে। তাই নিকটস্থ এজেন্ট পয়েন্ট হতে ভাতাভোগীগণ তার প্রাপ্য সম্পূর্ণ টাকাই উত্তোলন করতে পারবেন। এজেন্ট পয়েন্টে কোন অতিরিক্ত ফি প্রদান করতে হবে না। নগদ পিন নম্বর উপকারভোগীর একান্তই ব্যক্তিগত বিষয়। উপকারভোগী কোন ক্রমেই তার গোপনীয় পিন নম্বর অন্য কারো কাছে শেয়ার করবেন না।

সমাজসেবা অফিস কিংবা কোনো ক্ষেত্রেই দাপ্তরিক কাজে নগদ হিসাবের পিন নম্বর/ one time password (OTP) ওটিপি প্রয়োজন হয় না। কোন প্রতারক চক্র মুঠোফোনে ফোন করে “সমাজসেবা অফিস বা নগদ কাস্টমার কেয়ার সার্ভিস থেকে বলছে” মর্মে কিংবা সরাসরি পিন নম্বর/ ওটিপি চাইলে সেটি কোনভাবেই দিবেন না। প্রয়োজনে সংশ্লিষ্ট থানায় যোগাযোগ করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন। সামাজিক নিরাপত্তা কর্মসূচীর যেকোন প্রয়োজনে সমাজসেবা অফিসের সাথে যোগাযোগ করবেন।

এমতাবস্থায়, আপনার অধীনস্থ ওয়ার্ড সমূহের সকল ভাতার উপকারভোগীদের মাঝে উপরোক্ত বিষয়সমূহ অবহিতকরণের জন্য সংশ্লিষ্ট ওয়ার্ডের সকল হাট বাজার, মসজিদ-মন্দিরসহ সকল ধর্মীয় প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও অন্যান্য গণজমায়েত স্থলে বিষয়গুলি ব্যাপক প্রচার ও জনপ্রতিনিধিদেরকে ওয়ার্ড ভিত্তিক উঠান বৈঠকসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান/কাউন্সিলর/ইউপি সদস্য

.....
ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।

নম্বর- ৪১.০১.৬১৩১.০০০.১৬.০০১.২৩. ১৪০

(মোঃ হাসান কিবরিয়া)

উপজেলা সমাজসেবা অফিসার

ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।

মোবাইল- ০১৭০৮৪১৫০০৭

Email: usso.iswarganj07@gmail.com

তারিখঃ ৭ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২০ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ।
০২. উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
০৩. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ।
০৪. উপজেলা নির্বাহী অফিসার ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
০৫. মেয়র, চেয়ারম্যান, কাউন্সিলর, ইউপি সদস্য সকল।
০৬. সভাপতি, প্রেসক্লাব, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
০৭. পৌর/ইউনিয়ন সমাজকর্মী সকল।
০৮. অফিস কপি।